DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 16 Aug 2026, 08:09 AM

খেলা

# বিতর্ক আরও উস্কে দিতে পারে আর্জেন্টিনার নতুন জার্সি

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ০২ আগস্ট ২০২৬, ০৬:১৭ PM



সংগৃহীত ছবি

ফকল্যান্ড দ্বীপপুঞ্জ (আর্জেন্টিনার ভাষায় মালভিনাস) নিয়ে দীর্ঘদিনের সার্বভৌমত্ব বিরোধ এবার ছড়িয়ে পড়তে পারে আর্জেন্টিনার জাতীয় দলের জার্সিতেও।

দেশটির পার্লামেন্টে এমন একটি বিল উত্থাপন করা হয়েছে, যেখানে জাতীয় ক্রীড়া দলের জার্সিতে মালভিনাস (ফকল্যান্ড), সাউথ জর্জিয়া ও সাউথ স্যান্ডউইচ দ্বীপপুঞ্জের প্রতীক বা মানচিত্র বাধ্যতামূলকভাবে যুক্ত করার প্রস্তাব রাখা হয়েছে।

বিলটি উত্থাপন করেছেন বিরোধী জোট ইউনিয়ন ফর দ্য ফাদারল্যান্ডের সংসদ সদস্য কার্লোস কাস্তানেতো। তার প্রস্তাবিত আর্জেন্টাইন স্পোর্টস ক্লোদিংয়ের জাতীয় পরিচয় আইন অনুযায়ী, আর্জেন্টিনার হয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশ নেওয়া সব খেলোয়াড়, দল ও প্রতিনিধিদলের পোশাকে ওই দ্বীপগুলোর দৃশ্যমান ও সুস্পষ্ট প্রতীক থাকতে হবে।

রেডিও ৭৫০-কে দেওয়া এক সাক্ষাৎকারে কাস্তানেতো বলেন, আর্জেন্টিনার প্রতিনিধিত্ব করা সব খেলোয়াড়, জাতীয় দল ও ক্রীড়া প্রতিনিধিদলের পোশাকে মালভিনাসের একটি স্পষ্ট ও দৃশ্যমান পরিচিতি থাকা উচিত।

বিশ্বকাপে আর্জেন্টিনা দলের কর্মকাণ্ড নিয়ে বিতর্কের মধ্যেই এসেছে এই উদ্যোগ। ইংল্যান্ডকে হারিয়ে সেমিফাইনালে জয়ের পর আর্জেন্টিনার ফুটবলাররা মাঠে ফকল্যান্ডের ওপর আর্জেন্টিনার সার্বভৌমত্ব দাবি করে একটি ব্যানার প্রদর্শন করেছিলেন। সেই ঘটনাকে কেন্দ্র করে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ) এবং কয়েকজন খেলোয়াড়ের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে তদন্ত শুরু করেছে ফিফা।

ফিফার মতে, বিশ্বকাপের মতো বৈশ্বিক ক্রীড়া আসরে খেলাধুলার বাইরের রাজনৈতিক বা জাতীয়তাবাদী বার্তা প্রদর্শন শৃঙ্খলা বিধির লঙ্ঘন হতে পারে।

তবে কাস্তানেতোর দাবি, মালভিনাস ইস্যু কোনো রাজনৈতিক দলের বিষয় নয়, বরং এটি আর্জেন্টিনার জাতীয় পরিচয়ের অংশ।

আর্জেন্টাইন সংবাদমাধ্যম এল সুরেনোকে তিনি বলেন, গত বিশ্বকাপে জাতীয় দল যে ব্যানার প্রদর্শন করেছিল, সেটি তরুণদের মনে মালভিনাস প্রশ্নটিকে আবারও সামনে নিয়ে এসেছে। এটি শুধু একটি স্লোগান নয়, বরং জাতীয় অনুভূতির প্রতীক যে মালভিনাস আর্জেন্টিনার এবং আর্জেন্টিনারই থাকা উচিত।

তিনি আরও জানান, বিলটি ইতোমধ্যে দেশটির নিম্নকক্ষে জমা দেওয়া হয়েছে এবং বর্তমানে প্রতিরক্ষা ও ক্রীড়াবিষয়ক কমিটিতে পর্যালোচনার জন্য রয়েছে। অনুমোদন পেলে জাতীয় ক্রীড়া বিষয়ক আন্ডারসেক্রেটারিয়েট আইনটি বাস্তবায়ন করবে।

কাস্তানেতোর ভাষায়, এটি কোনো রাজনৈতিক দল বা ব্যক্তির বিষয় নয়। এটি আমাদের জাতীয় পরিচয়ের প্রশ্ন।

এদিকে ফকল্যান্ড যুদ্ধের এক আর্জেন্টাইন সাবেক সেনা কর্মকর্তা আর্নেস্তো আলোনসোও জাতীয় দলের ব্যানার প্রদর্শনের পক্ষে অবস্থান নিয়েছেন। তার মতে, ইংল্যান্ডের সমর্থকদের এতে ক্ষুব্ধ হওয়ার কোনো কারণ নেই। তিনি বলেন, আর্জেন্টিনার সংবিধানে মালভিনাসের সার্বভৌমত্ব রক্ষার যে অঙ্গীকার রয়েছে, তা পালন করাই দেশের নাগরিকদের দায়িত্ব।

বিলটি আইনে পরিণত হলে ভবিষ্যতে আর্জেন্টিনার জাতীয় ফুটবল দলসহ সব জাতীয় ক্রীড়া দলের জার্সিতে মালভিনাস দ্বীপপুঞ্জের প্রতীক যুক্ত হতে পারে, যা আন্তর্জাতিক অঙ্গনে নতুন বিতর্কের জন্ম দিতে পারে।

---

এ বিভাগের আরও খবর



### ঐতিহাসিক জয়ে বাংলাদেশ দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন

অস্ট্রেলিয়ার মাটিতে স্বাগতিকদের বিপক্ষে প্রথমবারের মতো টেস্ট জয় পাওয়ায় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহ...



### অস্ট্রেলিয়াকে হারিয়ে বাংলাদেশের ঐতিহাসিক জয়

২৩ বছরের অপেক্ষার অবসান ঘটাল বাংলাদেশ। অস্ট্রেলিয়ার মাটিতে প্রথমবারের মতো টেস্ট জয়ের ইতিহাস গড়েছে নাজমুল হোসেন শান্তর দল। ডারউইনে স্বাগতিক অ...



### ডারউইনে অস্ট্রেলিয়াকে হারিয়ে ইতিহাস গড়ল বাংলাদেশ

অস্ট্রেলিয়ার মাটিতে প্রথমবারের মতো টেস্ট জয়ের ইতিহাস গড়েছে বাংলাদেশ। ডারউইন টেস্টে স্বাগতিক অস্ট্রেলিয়াকে ৯ উইকেটে হারিয়েছে নাজমুল হোসেন শান...



### ডারউইন টেস্টে ইতিহাস গড়তে বাংলাদেশের দরকার ৫৭ রান

অস্ট্রেলিয়ার মাটিতে ইতিহাস গড়ার হাতছানি বাংলাদেশের সামনে। ডারউইন টেস্টে স্বাগতিক অস্ট্রেলিয়াকে দ্বিতীয় ইনিংসে ২৮৪ রানে অলআউট করে জয়ের জন্য ৫...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/sports/bitrk-aro-uske-dite-pare-arjentinar-ntun-jarsi